

Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 27 April, 2025

মুন্সীগঞ্জের গজারিয়া থানা পুলিশের দ্রুত ও মানবিক উদ্যোগে তিন দিন পর পরিবারের সান্নিধ্যে ফিরেছে নিখোঁজ বুদ্ধি প্রতিবন্ধী কিশোর দাউদ হোসেন (১৫) রোববার (২৭ এপ্রিল) বিকেল সাড়ে ৪টার দিকে গজারিয়া থানার পরিদর্শক (তদন্ত) শহিদুল ইসলাম আনুষ্ঠানিকভাবে দাউদকে তার মা মাকছুদা বেগমের কাছে হস্তান্তর করেন।

দাউদ হোসেন নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার থানার বালুয়াকান্দি গ্রামের মুজিব রহমানের ছেলে। পরিবারের সূত্রে জানা যায়, গেল শুক্রবার থেকে সে নিখোঁজ ছিল।

শনিবার স্থানীয় কয়েকজন গজারিয়া থানা এলাকায় দাউদকে তার অস্বাভাবিক আচরণ দেখে সন্দেহ করেন এবং পুলিশকে জানিয়ে থানায় নিয়ে যান।

পরিদর্শক (তদন্ত) শহিদুল ইসলাম জানান, "কিশোরটিকে থানায় আনার পর তার ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে দেওয়া হয়। জিজ্ঞাসাবাদে কিশোর শুধু নিজের নাম এবং বালুয়াকান্দি এলাকার নাম বলতে পারায় তথ্য প্রযুক্তির সহায়তায় এবং হারানো বিজ্ঞপ্তির তথ্য মিলিয়ে তার পরিবারের সঙ্গে যোগাযোগ করা হয়। শনাক্তের পর আইনগত প্রক্রিয়া শেষে তাকে তার পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।"

ছেলেকে ফিরে পেয়ে মাকছুদা বেগম আবেগে আত্মবিস্মিত হয়ে বলেন, "আমার ছেলে হারিয়ে যাওয়ার পর অনেক খোঁজ করেছি। পরে জানতে পারি সে গজারিয়া থানায় আছে। পুলিশের সহায়তায় আমি আমার ছেলেকে ফিরে পেয়েছি। তদন্ত ওসি সাহেবের প্রতি আমি কৃতজ্ঞ।"

এদিকে ভবেরচর এলাকার কয়েকজন জানান, শনিবার রাতে তারা দাউদকে ভবেরচর এলাকায় ঘুরতে দেখে সন্দেহ করেন। ঠিকানা বলতে না পারায় তারা পুলিশের সহায়তা নেন। পুলিশ দ্রুত পদক্ষেপ নিয়ে ছেলেটিকে তার পরিবারের কাছে ফিরিয়ে দেয় – যা এলাকাবাসীর কাছে প্রশংসিত হয়েছে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 08:43

URL: <https://www.timestodaybd.com/dhaka/1536765586>